বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
বেসরকারি বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ

----

নম্বর: ৩৭.০১.০০০০.০০০.১৩১.৪১.০০০৯.২১.১২৬

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

প্রাপক:
রেজিস্ট্রার, ডাঃ মমতাজ বেগম ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি (Dr. Momtaz Begum University of Science & Technology), বাঁশগাড়ী, ভৈরব, কিশোরগঞ্জ।।

**বিষয়: Bachelor of Pharmacy (B.Pharm.) প্রোগ্রামের কারিকুলাম অনুমোদন প্রসঙ্গে।**

জনাব,

বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ২৪(৩) ধারা মোতাবেক ডাঃ মমতাজ বেগম ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি প্রস্তাবিত Faculty of Science এবং Department of Pharmacy এর অধীনে Bachelor of Pharmacy (B.Pharm) (4 year) প্রোগ্রাম নিম্নোক্ত শর্তে ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদন প্রদান করা হলো:

১. **১৬০ ক্রেডিট আওয়ারস** সংবলিত উক্ত প্রোগ্রামের সিলেবাস/কারিকুলামে যে কোনো ধরণের পরিবর্তনের প্রয়োজন হলে কমিশনের অনুমোদন নিতে হবে। কমিশন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত ডিগ্রি বা টাইটেল-এর কোনো প্রকার পরিবর্তন করা যাবে না। প্রোগ্রামটি অবশ্যই ডাঃ মমতাজ বেগম ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, বাঁশগাড়ী, ভৈরব, কিশোরগঞ্জ ঠিকানাস্থ ক্যাম্পাসে পরিচালনা করতে হবে, অন্য কোন ক্যাম্পাসে পরিচালনা করা যাবে না।

২. প্রোগ্রামটি Dual Semester ভিত্তিতে পরিচালনা করতে হবে। প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) জন শিক্ষার্থী ভর্তি করা যাবে। কোর্সে ভর্তির সময় প্রত্যেক শিক্ষার্থীকে কমিশন প্রণীত ছক অনুযায়ী একটি অনন্য (ইউনিক) রেজিস্ট্রেশন (আইডি) নম্বর প্রদান করতে হবে এবং কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত উক্ত রেজিস্ট্রেশন (আইডি) নম্বর বহাল থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র ও মার্কশীটে উক্ত রেজিস্ট্রেশন (আইডি) নম্বর উল্লেখ করতে হবে।

৩. প্রোগ্রামটি ডিস্ট্যান্স লার্নিং/ সান্ধ্য/ শুক্র-শনি (উইকেন্ড) ইত্যাদি নামে পরিচালনা করা যাবে না।

৪. প্রোগ্রামটিতে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে কমিশন প্রণীত ভর্তির যোগ্যতা ও নীতিমালা অনুসরণ করতে হবে।

৫. GED ডিপ্লোমাধারী শিক্ষার্থী ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না।

৬. প্রোগ্রামটি পরিচালনার জন্য কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুসরণ করতে হবে। সেমিস্টার সংখ্যা বৃদ্ধির সাথে সাথে পূর্ণকালীন শিক্ষক সংখ্যাও পর্যায়ক্রমে বৃদ্ধি করতে হবে। পূর্ণকালীন কোনো শিক্ষককে কোনোক্রমে ৩/৪ টির বেশি কোর্স দেয়া যাবে না। শিক্ষকদের ০৪ (চার) টি ধাপ (প্রভাষক, সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও অধ্যাপক) অনুসরণ করতে হবে এবং কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালার ব্যত্যয় ঘটিয়ে কোনো শিক্ষককে নিয়োগ/পদোন্নতি দেয়া যাবে না। এছাড়াও, বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর ধারা ৩৫ (৩) অনুযায়ী প্রোগ্রামটির খন্ডকালীন শিক্ষক সংখ্যা পূর্ণকালীন শিক্ষক সংখ্যার এক তৃতীয়াংশের বেশী হওয়া যাবে না। পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষককে খন্ডকালীন হিসেবে নিয়োগ দেয়ার ক্ষেত্রে ইউজিসি প্রণীত নীতিমালা/ নির্দেশিকা অনুসরণ করতে হবে এবং বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর ধারা ৩৫ (৪) ধারা অনুসরনপূর্বক ছাড়পত্র গ্রহণ করতে হবে।

৭. বর্ণিত প্রোগ্রামে পাঠদানের জন্য বিদেশী শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হলে কমিশনের অনুমোদন/সুপারিশ গ্রহণপূর্বক সরকারের নির্দিষ্ট বিভাগ/দপ্তর থেকে ওয়ার্ক পারমিট সংগ্রহ করে কমিশন অফিসে জমা দিতে হবে।

৮. কমিশন কর্তৃক অনুমোদিত অভিন্ন গ্রেডিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে। এতদসংক্রান্ত প্রতিবেদন কমিশনে প্রেরণ করতে হবে।

৯. বিশেষজ্ঞ মতামত অনুযায়ী ল্যাবরেটরি সজ্জিত করে কমিশনকে অবহিত করতে হবে।

১০. লাইব্রেরিতে প্রোগ্রাম উপযোগী যথেষ্ট সংখ্যক রেফারেন্স বই ও জার্নাল সংগ্রহ করতে হবে এবং প্রতি বছর নতুন সংস্করণ প্রকাশিত হলে তা লাইব্রেরিতে সংগ্রহ করতে হবে। এছাড়াও ইউজিসি ডিজিটাল লাইব্রেরির (ইউডিএল) সদস্য হতে হবে (ইতোমধ্যে হয়ে থাকলে আর প্রয়োজন হবে না)।

১১. প্রোগ্রামটি পত্র জারির তারিখ থেকে অনুমোদিত বলে গণ্য হবে এবং এর সিলেবাস/ কারিকুলাম পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদিত বলে গণ্য হবে। উল্লিখিত মেয়াদ শেষ হওয়ার ০৬ (ছয়) মাস পূর্বেই সিলেবাস/কারিকুলামটি পুনরায় আপডেট করে অনুমোদনের জন্য কমিশনে প্রেরণ করতে হবে।

১২. প্রোগ্রাম অনুমোদন পত্রটি বিশ্ববিদ্যালয়ের ভর্তিচ্ছু শিক্ষার্থীদের দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শনসহ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট বিভাগের ওয়েব পেইজে সার্বক্ষণিক প্রকাশ করতে হবে।

১৩. অনুমোদিত কারিকুলামটি (স্বাক্ষরিত) সংরক্ষণ করতে হবে।

১৪. শিক্ষার্থীদের দেশীয় এবং আন্তর্জাতিক চাকুরীর বাজারের উপযোগী করে গড়ে তুলতে বিশেষভাবে নজর রাখতে হবে। সরকারি, বেসরকারি এবং বহুজাতিক প্রতিষ্ঠানে চাকুরিতে যেন গ্রাজুয়েটরা প্রবেশ করতে পারে ও চাকুরীপ্রাপ্ত গ্রাজুয়েটদের হালনাগাদ প্রতিবেদন সংরক্ষণ করতে হবে এবং কমিশনে তা প্রেরণ করতে হবে।

১৫. প্রোগ্রামটি পরিচালনার জন্য কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষক সংখ্যার ঘাটতি তথা উপরোক্ত শর্তাদির যে কোনটির ব্যত্যয় হলে কমিশন উক্ত সময়ের পূর্বে প্রোগ্রামটির অনুমোদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

২৫-০২-২০২৫
ড. মোঃ সুলতান মাহমুদ ভূইয়া
পরিচালক

**নম্বর:** ৩৭.০১.০০০০.০০০.১৩১.৪১.০০০৯.২১.১২৬/১ (৫)

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ (কমিশনের ওয়েব সাইটে আপলোড দেয়ার অনুরোধসহ), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

২। সিনিয়র [illegible] পরিচালক, যোগাযোগ ও দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৩। সহকারী পরিচালক, সচিবের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পি এ), বেসরকারি বিশ্ববিদ্যালয় ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৫। কম্পিউটার অপারেটর, বেসরকারি বিশ্ববিদ্যালয় ব্যবস্থাপনা অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

[illegible]
মোহাম্মদ জামাল মিয়া
সিনিয়র সহকারী পরিচালক